

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০২.২১.৯০

তারিখ: ১৩ পৌষ ১৪২৮

২৮ ডিসেম্বর ২০২১

বিষয়: বিভাগীয় পর্যায়ের সরকারি দপ্তর/সংস্থায় বাস্তবায়িত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চার
তথ্য প্রেরণ।

সূত্র: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর ১৪/১২/২০২১ খ্রি, তারিখের
০৩.০৩.২৬৯০.০৯৩.২৯. ০৬৪.২১.৮২৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনসেবার মান উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস স্থানীয় পর্যায়ে নিজস্ব উদ্যোগে বিভিন্ন ধরনের ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা উদ্ভাবন ও অনুশীলন করছে। ফলে একদিকে সেবা পদ্ধতি ও কর্মপদ্ধতি যেমন স্বচ্ছ ও সহজতর হচ্ছে তেমনি জনসেবার মানও উন্নততর হচ্ছে। তবে কোন অফিস কোন ধরনের ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা উদ্ভাবন ও অনুসরণ করছে এবং এর ফলে জনসেবায় বা কর্মপদ্ধতিতে কী ধরনের পরিবর্তন এসেছে বা কী ধরনের প্রভাব পড়ছে এসব বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।

২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস কর্তৃক স্থানীয় পর্যায়ে উদ্ভাবিত ও অনুসৃত এসকল “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা” সমূহ নিয়ে কাজ শুরু করেছে। উক্ত কার্যক্রমের জন্য প্রথমেই উদ্ভাবিত ও অনুসৃত “ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা” বিষয়ক তথ্য প্রয়োজন।

৩। এমতাবস্থায়, নিম্ন বর্ণিত ছক মোতাবেক এ বিভাগের (নিজ দপ্তরসহ) উদ্ভাবিত ও অনুসৃত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা গুলোর মধ্য থেকে ১-৫ টির তথ্য সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ছক

ক্র:নং	অফিসের নাম	উদ্ভাবিত ও অনুসৃত ‘ইনোভেটিভ/ সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা’র নাম	উদ্ভাবিত ও অনুসৃত ‘ইনোভেটিভ/ সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা’র সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবিত ও অনুসৃত ‘ইনোভেটিভ/ সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা’ কার্যক্রম শুরুর সময়/তারিখ
১	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	Dynamic Project Supervision System” (DPSS) সফটওয়্যার	রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে উপজেলা ও জেলা পর্যায়ে বাস্তবায়নাবীন বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়মিত মনিটরিং ও তদারকি করা হয়। উক্ত কার্যক্রমকে আরো সহজ, কার্যকর ও গতিশীল করার লক্ষ্যে এ বিভাগে “ Dynamic Project Supervision System” (DPSS) সফটওয়্যার প্রস্তুত করা। উক্ত সিস্টেমে উপজেলা হতে তথ্য আপলোড করা যাবে এবং মন্ত্রণালয়/বিভাগ/জেলা হতে নিয়মিত মনিটরিং করা যাবে।	জুন/২০২১ খ্রি.
২	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা কর্তৃক লার্নিং সেশন	বিভাগীয় কমিশনারের কার্যালয়ের বিভিন্ন কর্মকর্তা কর্তৃক দেশ/বিদেশ/মন্ত্রণালয়/ হতে প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা অত্র দপ্তরের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে শেয়ারিং এর জন্য লার্নিং সেশনের আয়োজন করা হয়। উক্ত লার্নিং সেশনের মাধ্যমে প্রশিক্ষণগ্রহণকারী কর্মকর্তার প্রশিক্ষণ যেমন ফলপ্রসূ হয় তেমনি অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণও ঐ বিষয়ে জানতে পারে। ফলে দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে।	সেপ্টেম্বর/২০২১ খ্রি.

৩	রেঞ্জ ডিআইজি অফিস, রাজশাহী	অফিসার-ইনচার্জ পদায়ন নীতিমালা	থানার পুলিশি সেবা নিশ্চিত করার লক্ষ্যে অফিসার-ইনচার্জকে অবশ্যই সততা, দক্ষতা ও প্রভাবমুক্ত থেকে পেশাদারিত্বের মনোভাব নিয়ে মাঠ পর্যায়ে কাজ করতে হয়। এ লক্ষ্যকে সামনে রেখে রাজশাহী রেঞ্জে পেশাদার ও দক্ষ অফিসার-ইনচার্জ নির্বাচনের জন্য একটি নীতিমালার প্রণয়ন করা হয়েছে। পুলিশ পরিদর্শকগণ রেঞ্জে যোগদানের পর তাদের জন্য নির্ধারিত সূচকের একটি মূল্যায়নক্রম তৈরী এবং ক্রমানুযায়ী শীর্ষে থাকা পরিদর্শকগণকে অফিসার-ইনচার্জ হিসেবে বিভিন্ন থানায় পদায়ন করা হয়ে থাকে। এতে করে মেধাব ও যোগ্য প্রার্থীগণ সকল প্রকার প্রভাব ও তদবীর ছাড়াই পদায়নের জন্য বিবেচিত হতে পারছেন। নতুন সদস্য তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর এটি পুনঃমূল্যায়িত হয়ে থাকে। স্বচ্ছ প্রক্রিয়ায় যোগ্য অফিসার ইনচার্জ পদায়নের প্রক্রিয়াটি অফিসার-ফোর্সের মধ্যে ব্যাপক উদ্দীপনা তৈরি করেছে। পাশাপাশি থানা এলাকার নাগরিকদের মধ্যে আস্থা ও বিশ্বাস তৈরী হয়েছে যে, পুলিশ বিভাগের উক্ত কার্যক্রমের কারণে পুলিশের সেবার মান উত্তোরস্তর বৃদ্ধি পাবে। পদায়ন প্রক্রিয়াটি ইতোমধ্যে সকল স্তরের জনগণের কাছে গ্রহণযোগ্যতা অর্জন করেছে।	০১ জানুয়ারি/২০২০ খ্রিঃ
৪	রাজশাহী ওয়াসা	মোবাইল/কম্পিউটার/ল্যাপটপ দ্বারা গভীর নলকূপের অপারেশন, কন্ট্রোল ও মনিটরিং এর কার্যক্রম পরিচালনা	গভীর নলকূপের অপারেশন, কন্ট্রোল ও মনিটরিং এর কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি পাম্পে দুই শিফটে দুই জন কর্মচারী প্রয়োজন হয়, এতে পরিচালন ব্যয় বেশী হয় কিন্তু পাম্পে অটোমেশন করার ফলে এক জায়গা থেকে মোবাইল/কম্পিউটার/ল্যাপটপ দ্বারা একাধিক গভীর নলকূপের অপারেশন, কন্ট্রোল ও মনিটরিং করা সম্ভব হচ্ছে। ফলে পরিচালন ব্যয় অনেক কম হচ্ছে। এছাড়াও ওয়াটার লেভেল, ড ডাউন, বিদ্যুৎ খরচের হিসাবসহ অন্যান্য টেকনিক্যাল ডাটা পাওয়া যাচ্ছে। ফলে পাম্প মটরের প্রি মেইনটেন্স কাজ সহজতর হচ্ছে।	২৩ মে/২০১৮ খ্রিঃ
৫	কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী	RCOM (Bangladesh Customs Office Management Software	এই সফটওয়্যারে ১৬টি মডিউল আছে। তন্মধ্যে সোনামসজিদ স্থল শুল্ক স্টেশনে (Vehicle Tracking Module) চলমান রয়েছে যার মাধ্যমে প্রতিদিন কত সংখ্যক ট্রাক পোর্টে আসে এবং বের হয় তার হিসাব রাখা সম্ভব হয়। এটি অনলাইন ভিত্তিক হওয়ায় যে কোন জায়গা থেকে তা দেখা যায়। এছাড়া (HRM) এবং (Leave Management) মডিউল এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীর তথ্য রাখা এবং ছুটি ব্যবস্থাপনার কার্যক্রম পরীক্ষাধীন অবস্থায় আছে।	০১ ডিসেম্বর/২০২১খ্রিঃ



২৮-১২-২০২১

ড. মো: হুমায়ুন কবীর

বিভাগীয় কমিশনার

ফোন: ০৭২১-৭৭২২৩৩

ফ্যাক্স: ০৭২১-৭৭২৫২৯

ইমেইল: divcomrajshahi@mopa.gov.bd

মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট প্রধানমন্ত্রীর কার্যালয়,
তেজগাঁও, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক, জি আই ইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়